

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)  
পরিকল্পনা মন্ত্রণালয়  
নীলক্ষেত্র, ঢাকা-১২০৫  
[www.napd.gov.bd](http://www.napd.gov.bd)

নং ২০.০৭.০০০০.০০৬.০৪.৩৯১.১৯- ৯৮৪

তারিখ : ১৮ কার্তিক ১৪২৬বঙ্গাব্দ  
০৩ নভেম্বর, ২০১৯খ্রি:

**বিষয়ঃ নন ক্যাডার কর্মকর্তাদের দু'মাস মেয়াদী বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স আয়োজন প্রসঙ্গ।**

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত নন ক্যাডার কর্মকর্তাদের দু'মাস মেয়াদী বিশেষ বুনিয়াদি কোর্সের ৫ম ব্যাচের প্রশিক্ষণ আগামী ২৯ ডিসেম্বর, ২০১৯ – ২৭ ফেব্রুয়ারি, ২০২০ মেয়াদে অনুষ্ঠিত হবে। মনোনয়নের সুবিধার্থে কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে প্রদান করা হলো:

- (১) কোর্সের উদ্দেশ্য : ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের ননক্যাডার কর্মকর্তাদের পেশাগত উৎকর্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশের কল্যাণে নিবেদিতপ্রাণ কর্মী হিসেবে গড়ে তোলা।
- (২) প্রশিক্ষণার্থীর পর্যায়ে : বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ /অধিদপ্তর /স্বায়ত্তশাসিত সংস্থার ৯ম গ্রেড বা তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা।
- (৩) পাঠ্যক্রম ফি : ভ্যাট ও আইটি ব্যতীত জনপ্রতি ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র। কোর্স ফি কোর্স শুরুর পূর্বে 'মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি' বরাবর নগদ অথবা ক্রেসড্ চেক এর মাধ্যমে প্রদেয়। উক্ত কোর্সফির মধ্যে দু'মাসের আবাসন, খাবার, শরীর চর্চা, শিক্ষা সফর, কীট এ্যালাউন্স এবং সাংস্কৃতিক অনুষ্ঠানসহ অন্যান্য আনুষঙ্গিক খরচ অন্তর্ভুক্ত।
- (৪) পাঠ্যসূচি : কোর্সে ০৬টি ক্ষেত্রে নিম্নোক্ত মোট ২২টি মডিউলের আওতায় আনুমানিক ২২৫টি সেশন পরিচালনা করা হবেঃ

Major Area	Module
a) Bangladesh studies	Module-1: Introducing Bangladesh
b) Public administration	Module-2: Constitution and Government System
	Module-3: Leadership and Change Management
	Module-4: Local government and Public Management
	Module-5: Ethics and Etiquette
c) Management process	Module-6: Human Resource Management
	Module-7: Office Management and Service Rules
	Module-8: Financial Rules and Procedures
d) development studies	Module-9: Basics of Economics
	Module-10: Development Planning and Project Management
	Module-11: Research Methodology
	Module-12: Globalization
	Module-13: Sustainable Development and Environment
e) Skill development	Module-14: Gender and Child Rights
	Module-15: English Language Skills
	Module-16: Information and Communication Technology (ICT)
f) Relevant Modules	Module-17: Book Review
	Module-18: Village study
	Module-19: Extension Lectures
	Module-20: Syndicate Work / Exercise
	Module-21: Term Paper / Assignment
Module-22: PT and Games	

- (৫) পাঠ্যক্রমের মেয়াদ : ২৯ ডিসেম্বর, ২০১৯ – ২৭ ফেব্রুয়ারি, ২০২০ (৬০ কর্মদিবস)।
- (৬) প্রশিক্ষণার্থীর সংখ্যা : ৪০ জন
- (৭) মনোনয়নের শেষ তারিখ : ২৬ ডিসেম্বর, ২০১৯।
- (৮) পাঠ্যক্রমের প্রকৃতি : কোর্সটি আবাসিক।
- (৯) প্রশিক্ষণ সংক্রান্ত সুবিধাবলী : একাডেমি কর্তৃক আয়োজিত সকল প্রশিক্ষণ কোর্সের গুণগতমান বজায় রাখতে নিয়মিতভাবে একাডেমি বিষয় সংশ্লিষ্ট অভিজ্ঞ বক্তাদের অগ্রাধিকার প্রদান করে থাকে। একাডেমিতে ৯তলা বিশিষ্ট ডরমেটরী (wifi সংযুক্ত) ও ৩তলা বিশিষ্ট একটি ক্যাফেটেরিয়া (wifi সংযুক্ত) এবং শীতাতপ নিয়ন্ত্রিত মসজিদ আছে।
- (১০) পাঠ্যক্রমে যোগদান : মনোনীত কর্মকর্তাকে ২৮ ডিসেম্বর, ২০১৯ তারিখ বিকাল ০৩:০০ টার পূর্বে একাডেমিতে রিপোর্ট করতে হবে।

- ২। উক্ত প্রশিক্ষণ কোর্সে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থা থেকে এক বা একাধিক কর্মকর্তা মনোনয়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে। কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য নিম্নস্বাক্ষরকারী বা কোর্স সমন্বয়কারী জনাব তোহিদুর রহমান চৌধুরী, উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা), মোবাইলঃ ০১৭১৬-৫৫০৮৫৫ (ই-মেইল: thouhidchowdhury65@gmail.com) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত হলে এনএপিডি এপস (NAPD Apps) গুগল প্লে-স্টোর থেকে ডাউনলোড করা যাবে। এ আসন্ন কোর্সসমূহ হতে Special Foundation Training Course for Non-Cadre Officers কোর্সের “ENROLLMENT” বাটনে ক্লিক করে রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করে Submit করা যাবে। উল্লেখ্য যে মনোনীত কর্মকর্তাদের সাথে সরাসরি যোগাযোগের সুবিধার্থে মনোনয়নপত্রে কর্মকর্তাদের মনোনয়ন নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণ করার জন্য অনুরোধ করা হলঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	কর্মস্থলের ঠিকানা	ফোন নম্বর	মোবাইল নম্বর	ই-মেইল ঠিকানা
--------------	--------------------------	-------------------	-----------	--------------	---------------

মনোনয়ন গ্রহণ সম্পর্কে এনএপিডি হতে আর কোন নিশ্চয়তাপত্র দেয়া হবে না। আপনার মনোনয়নই চূড়ান্ত বলে বিবেচিত হবে।



(সায়মা আফরোজ)  
প্রধান প্রশিক্ষক (উপ-সচিব) ও  
কোর্স পরিচালক

ফোন: (০২) ৫৮৬১১৩৪৫

ফ্যাক্স: (০২) ৫৮৬১৫৬৯৫

ই-মেইল: ci1@napd.gov.bd

প্রাপক,  
সিনিয়র সচিব  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।